



ISO 9001:2015 CERTIFIED

রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতি

RAJSHAHI PALLI BIDYUT SAMITY

স্মারক নং- ২৭.১২.৮১৭২.৫৪৯.০৬.০২২.২১. ৬৪৭০

তারিখঃ ১৪ আশ্বিন, ১৪২৮ বঙ্গাব্দ
২৯ সেপ্টেম্বর, ২০২১ খ্রিস্টাব্দ

সদস্য (পরিকল্পনা ও উন্নয়ন)

ও

আহ্বায়ক, সংশ্লিষ্ট উপ-কমিটি
বাপবিবোর্ড, ঢাকা।

বিষয়ঃ উদ্ভাবনী/ক্ষুদ্র উদ্ভাবন উদ্যোগ সংক্রান্ত তথ্য প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে, বাংলাদেশে ৮০টি পল্লী বিদ্যুৎ সমিতির অধিকাংশ উপকেন্দ্র গুলো আউটডোর টাইপ। উপকেন্দ্র গুলো আউটডোর টাইপ হওয়ার কারণে অফিস হতে দূরে হয়ে থাকে। কাজের চাপের কারণে বা লোকবল স্বল্পতার কারণে সবসময় আউটডোর টাইপ উপকেন্দ্রে লোকবল উপস্থিত থাকেনা। ফলে কোন ফিডার বন্ধ হলে সম্মানিত গ্রাহক লাইন বন্ধের কথা না জানালে অনেক সময় বোঝা যায় না যে, কোন্ ফিডার বন্ধ হয়েছে। রাজশাহী পবিসের পবা-১ উপকেন্দ্রে ০১টি সার্কিট স্থাপন করে ০৭টি ফিডারের সহিত সংযোগ করা হয়েছে এবং অভিযোগ কেন্দ্রে সার্কিটের মাধ্যমে ০৭টি এলইডি লাইট সংযুক্ত করা হয়েছে। ফলে কোন ফিডার বন্ধ হলে বন্ধ হওয়া ফিডারের লাইট জ্বলে এবং বার্জার বাজতে থাকে ফলে অভিযোগকেন্দ্রে অবস্থানরত থেকেও বুঝতে পারা যায় যে, পবা-১ উপকেন্দ্রের কোন ফিডারটি বন্ধ হয়েছে। এর ফলে খুব দ্রুত উদ্যোগ গ্রহণ পূর্বক বন্ধ ফিডারটি চালু করা সম্ভব হয়। যার ফলশ্রুতিতে, পূর্বের তুলনায় বর্তমানে গ্রাহক সন্তুষ্টি বৃদ্ধি পেয়েছে।

গ্রাহক সেবার উৎকর্ষ সাধন করায় ইনোভেশন প্রতিযোগিতা বাস্তবায়নের জন্য উদ্ভাবন সংক্রান্ত তথ্যটি আপনার সদয় অবগতি জন্য প্রেরণ করা হলো।



(প্রকৌশলী মোঃ একরামুল হক)

জেনারেল ম্যানেজার

মোবা: ০১৭৬৯৪০০০৬৮

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. সদস্য(প্রশাসন/অর্থ/ডিএন্ডএমও/পিএন্ডডি/সমিতি ব্যবস্থাপনা), বাপবিবো, ঢাকা।
০২. প্রধান প্রকৌশলী, (গওপ/প্রকল্প)/নির্বাহী পরিচালক/নিয়ন্ত্রক(হিসাব ও অর্থ), বাপবিবো, ঢাকা।
০৩. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রাজশাহী জোন, বাপবিবো, রাজশাহী।
০৪. নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবো, রাজশাহী।
০৫. একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।
০৬. অফিস/মাষ্টার কপি।